



**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT - SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**20 March 2026**

**7:35 AM IST**

আসাম বিধানসভা নিৰ্বাচনের জন্য কংগ্ৰেস দল গতকাল রাতে তৃতীয় তালিকা প্রকাশ করেছে। এই তালিকায় মোট ২২ জন প্রার্থীর নাম রয়েছে। কংগ্ৰেসের তৃতীয় তালিকায় আলগাপুর-কাটলিছড়া আসনে জুবৈয়ার আনম মজুমদারকে প্রার্থী করা হয়েছে। এদিকে বিজেপির মিত্রদল অসম গণ পরিষদ দল গতকাল ২৬ জনের প্রার্থী তালিকা প্রকাশ করেছে। এ অনুসারে সভাপতি অতুল বরা বোকাঘাটে, কলিয়াবরে কেশব মহন্ত, সোনাইতে করিম উদ্দিন বড়ভুইয়া, দক্ষিণ করিমগঞ্জে ইকবাল হোসেনকে প্রার্থী করেছে। বিরোধী এ আই ইউ ডি এফ দল গতকাল আরো ছয় জনের প্রার্থী তালিকা প্রকাশ করে। এতে সোনাই আসনে মিনার হোসেন মাঝারভুইয়া এবং উত্তর করিমগঞ্জে চৌধুরী হিববুর রসুল মাঝারুককে প্রার্থী করা হয়েছে।

এদিকে ভারতীয় জনতা পার্টি গতকাল ৮৮ জন প্রার্থী তালিকা প্রকাশ করেছে। ৬ জন মহিলাকে প্রার্থী করে প্রকাশ করা এই তালিকায় বেশ

কয়েকজন বৰ্তমান বিধায়কৰ নাম কৰ্তন কৰা হৈছে । শিলচৰ আসনে ডাক্তাৰ ৰাজদীপ ৰায় , লক্ষীপুৰে কৌশিক ৰাই , পাথৰকান্দিত্তে কৃষ্ণেন্দু পাল , বড়খলায় কিশোৰ নাথ , ধলাইতে অমীয় কান্তি দাস , উধাৰবন্দে ৰাজদীপ গোয়ালা , উত্তৰ কৰিমগঞ্জ সুব্ৰত ভট্টাচাৰ্য , ৰামকৃষ্ণ নগৰে বিজয় মালাকাৰ , হাইলাকান্দিত্তে ডক্টৰ মিলন দাস এৰং কাটিগড়া বিধানসভা আসনে কমলাক্ষ দে পুৰকায়স্থ প্ৰতিদ্বন্দিতা কৰবেন । ৰাজ্যসভাৰ বৰ্তমান সাংসদ ৰামেশ্বৰ তেলী দুলিয়াজান বিধানসভা আসন থেকে প্ৰতিদ্বন্দিতা কৰবেন । অনুরূপভাবে , বি জে পিৰ প্ৰাক্তন ৰাজ্য সভাপতি ৰঞ্জিত কুমাৰ দাস ভবানিপুৰ-সৰভোগ আসনে এৰং বিধানসভাৰ বৰ্তমান অধ্যক্ষ বিশ্বজিৎ দৈমাৰী তামুলপুৰ আসনে প্ৰতিদ্বন্দিতা কৰবেন ।

উল্লেখ্য যে শিলচৰেৰ বিধায়ক দীপায়ন চক্ৰবৰ্তী , উধাৰবন্দেৰ বিধায়ক মিহিৰকান্তি সোম , ধলাইৰ বিধায়ক নিহাৰ ৰঞ্জন দাস পূৰ্ব গৌহাটি আসনেৰ বৰ্তমান বিধায়ক সিদ্ধাৰ্থ ভট্টাচাৰ্য , দিশপুৰেৰ বৰ্তমান বিধায়ক অতুল বৰা সহ মোট ১৯ জন বিধায়কৰ নাম এই তালিকা থেকে বাদ দেওয়া হৈছে ।

---

নিৰ্বাচন কমিশন আসন্ন বিধানসভা নিৰ্বাচনে আসামেৰ প্ৰাৰ্থীদেৰ ব্যয়েৰ সৰ্বোচ্চ সীমা ৪০ লক্ষ টকা ধাৰ্য কৰেছে । প্ৰত্যেক প্ৰাৰ্থীকে বাধ্যতামূলকভাবে ব্যয় সম্পৰ্কীত যাবতীয় তথ্য দাখিল কৰতে হৰে বলে কমিশন স্পষ্ট কৰে দিয়েছে । ২০২২ সালেৰ ৬ জানুয়াৰীতে সংশোধন কৰা তথ্য অনুসাৰে ব্যয়েৰ সৰ্বোচ্চ সীমা নিৰ্ধাৰণ কৰা হৈছে বলে কমিশন জানিয়েছে ।

---

বিধানসভা নির্বাচন অবাধ , সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে গতকাল থেকে কাছাড় জেলায় ভোট কর্মীদের প্রশিক্ষণ কর্মশালা শুরু হয়েছে । প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ১টা এবং দুপুর ২টো থেকে বিকেল ৫টা পর্যন্ত দুটি পর্বে কাছাড় কলেজ এবং সরকারী উচ্চতর মাধ্যমিক বালক বিদ্যালয়ে প্রিসাইডি অফিসার , প্রথম , দ্বিতীয় এবং তৃতীয় পোলিং অফিসারদের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে । এই প্রশিক্ষণ কর্মশালা আগামী রবিবার পর্যন্ত চলবে । দ্বিতীয় পর্যায়ে ২৭শে মার্চ থেকে ২৯শে মার্চ পর্যন্ত ভোট কর্মীদের পুনরায় প্রশিক্ষণ প্রদান করা হবে । প্রায় ৯৬ জন প্রশিক্ষককে এই প্রশিক্ষণ প্রদানের কাজে যুক্ত করা হয়েছে ।

---

শ্রীভূমি জেলার পাথারকান্দি ও রামকৃষ্ণনগর বিধানসভা কেন্দ্রের সাধারণ পর্যবেক্ষক ভারতীয় প্রশাসনিক সেবার আধিকারীক বিনোদ ভি আর গতকাল শ্রীভূমি শহরে এসে পৌঁছেছেন । তিনি শ্রীভূমির পুলিশ অতিথিশালায় অবস্থান করছেন । পর্যবেক্ষকের সঙ্গে সাক্ষাৎ করতে ইচ্ছুক জনগন যোগাযোগ করতে পারবেন । সাধারণ পর্যবেক্ষকের ফোন নম্বর হচ্ছে ৯১৮ ১৫ ১৫৮ ১৮ ।

---

শ্রীভূমি জেলার সচেতন নাগরিকরা জেলায় আর্দশ আচরন বিধি লংঘনের অভিযোগ জানাতে ১৯৫০ নম্বরে ফোন করতে পারবেন । জেলা প্রশাসন থেকে আরো জানানো হয়েছে যে জেলায় নাগরিকরা স্মার্টফোনে সি-ভিজিল এপ্লিকেশনটি ব্যবহার করে যেকোন নির্বাচনী বা বিধি বর্হিভূত কাজের ছবি বা ভিডিও তুলে সরাসরি অভিযোগ জানাতে পারবেন । জেলা প্রশাসন থেকে জানানো হয়েছে যে এই হেল্পলাইন ও এ্যাপের মাধ্যমে প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে দ্রুত প্রশাসনিক পদক্ষেপ নেওয়া হবে ।

---

শ্রীভূমির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে অতিরিক্ত জেলা আয়ুক্ত সপ্ততি এন্দোকে জেলার আধার সেলের নোডাল আধিকারীক হিসেবে দায়িত্ব দিয়েছেন । জেলার অতিরিক্ত আয়ুক্ত ত্রিদিপ রায়ের স্থানে সপ্ততী এন্দোকে আধার সেলের নোডাল আধিকারীকের দায়িত্ব প্রদান করা হয়েছে । শ্রীমতি এন্দো এখন থেকে শ্রীভূমি জেলার আধার এনরোলমেন্ট সংক্রান্ত বিষয়গুলির দায়িত্ব দেখাশুনা করবেন বলে জানানো হয়েছে ।

---